গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
www.habiganjsadar.habiganj.gov.bd

স্মারক নং- ০৫.৪৬.৩৬৪৪.০০১.০৮.০১০.২০২১- ৫৫৫

তারিখঃ ০৪ অক্টোবর ২০২১

বিষয় ঃ উপজেলা আইন শৃংখলা কমিটির সভা অনুষ্ঠান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ সদর উপজেলার অক্টোবর, ২০২১ মাসের উপজেলা আইন শৃংখলা কমিটির সভা আগামী ১০.১০.২০২১ তারিখ রোজ রবিবার বেলা ০২:৩০ ঘটিকায় নিম্ন স্বাক্ষরকারীর সভাপতিত্বে উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় মাননীয় সংসদ সদস্য জনাব এ্যাডভোকেট মোঃ আবু জাহির মহোদয় উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।

উক্ত সভায় যথা সময়ে উপস্থিত হয়ে সভার কার্যক্রমে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। সভার কার্যপত্র আগামী ০৯.১০.২০২১ তারিখের মধ্যে এ কার্যালয়ে হার্ডকপি ও সফ্টকপি ই-মেইলে (unohabiganj@mopa.gov.bd) এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

০৪.১০.২০২১
বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
unohabiganj@mopa.gov.bd

বিতরণ ঃ
০১। সহকারী কমিশনার (ভূমি), হবিগঞ্জ সদর
০২। উপজেলা -- অফিসার (সকল), হবিগঞ্জ সদর
০৩। অফিসার ইনচার্জ, সদর মডেল থানা, হবিগঞ্জ
০৪। চেয়ারম্যান -- ইউনিয়ন পরিষদ (সকল), হবিগঞ্জ সদর
০৫। জনাব ---

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :
০১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-০৩
০২। জেলা প্রশাসক, হবিগঞ্জ
০৩। পুলিশ সুপার, হবিগঞ্জ
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ
০৫। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

০৪.১০.২০২১
বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
unohabiganj@mopa.gov.bd

হবিগঞ্জ সদর উপজেলার আইন-শৃঙ্খলা কমিটির অক্টোবর,২০২১ মাসের সভার কার্যবিবরণী:

সভাপতি : বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর,হবিগঞ্জ
সভার তারিখ : ১০ অক্টোবর ২০২১, সময় : বিকাল ০৩:০০ ঘটিকা
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ
সভার হাজিরা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি সভার শুরুতেই কমিটির সম্মানীত উপদেষ্টা মাননীয় সংসদ সদস্য,এডভোকেট মো: আবু জাহির মহোদয় এবং চেয়ারম্যান, উপজেলা পরিষদ জনাব মোতাচ্ছিরুল ইসলামসহ অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। পরে নিম্নে বর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র:নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্ব
০১	বিগত সভার কার্যবিবরণী পাঠ	বিগত ১৩.০৯.২০২১ খ্রি: তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে .শুনানো হয়।	কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার, হবিগঞ্জ সদর
০২	সার্বিক আইন-শৃঙ্খলা	উপজেলা আনসার ও ভিডিপি অফিসার,হবিগঞ্জ সদর বলেন, আসন্ন দুর্গাপূজায় মোট ৮টি আনসার মোবাইল টিম কর্মরত থাকবে এবং ৪টি টিম সার্বক্ষণিক স্ট্রাইকিং ফোর্স হিসেবে মাঠে দায়িত্ব পালন করবে। (২) চেয়ারম্যান, ৫ নং গোপায়া ইউপি বলেন, তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো। তিনি বলেন, হবিগঞ্জ শিল্প নগরীর পাশে বাগানের ভিতরে জুয়া খেলা হয়। তিনি আরও বলেন, ইদানিং বেপরোয়াভাবে মোটর সাইকেল চলাচল করছে ও ৩ জন যাত্রী বহন করছে। এব্যাপারে প্রশাসন ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হস্তক্ষেপ কামনা করেন। (৩) চেয়ারম্যান, ৯ নং নিজামপুর ইউপি বলেন, তার ইউনিয়নে ৪টি পূজামন্ডপে শারদীয় দুর্গাপূজা অনুষ্ঠিত হবে। উক্ত পূজা মন্ডপগুলোতে সুষ্ঠুভাবে পূজা সম্পন্ন হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। (৪) জনাব মো: নাজমুল হক কামাল, ওসি (তদন্ত),হবিগঞ্জ সদর মডেল থানা বলেন, সেপ্টেম্বর,২০২১ মাসে থানায় খুন-১,মাদক আইনে ৬,অন্যান্য ১০সহ মোট ১৭টি মামলা রুজু হয়েছে। হবিগঞ্জ সদর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তিনি বলেন, হবিগঞ্জে অবৈধ অস্ত্র উদ্ধারের ব্যাপারে কার্যক্রম চলমান আছে, অবৈধ অস্ত্রের সাথে যে বা যারাই জড়িত তাদের আইনের আওতায় আনা হবে। আসন্ন দুর্গাপূজায় বাংলাদেশ পূজা উদযাপন কমিটি কর্তৃক প্রণীত ১৮টি নির্দেশনা যথাযথভাবে পালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে তিনি অনুরোধ জানান। পূজামন্ডপ গুলোর নিরাপত্তার জন্য পুলিশের ১০টি মোবাইল টিম সার্বক্ষণিক নিয়োজিত থাকবে। কোনরুপ সমস্যা দেখা দিলে পুলিশের নাম্বারে যোগাযোগ করার জন্য তিনি অনুরোধ জানান। কোন সমস্যা	(ক) কোভিড- ১৯ এর কারণে সমগ্র উপজেলায় পূজামন্ডপ গুলোতে যথাযথভাবে স্বাস্থ্যবিধি অনুসরণ করার জন্য পূজা উদযাপন পরিষদসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। (খ) প্রত্যেকটি পূজামন্ডপের ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নিজ নিজ উদ্যোগে নিরাপত্তার ব্যবস্থা করতে হবে। নিজস্ব স্বেচ্ছাসেবক নিয়োগ করতে হবে । (গ)পূজামন্ডপসমূহে পুলিশের বিশেষ টহল এবং নজরদারির ব্যবস্থা করতে হবে। (ঘ) পূজামন্ডপে সার্বক্ষণিক সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে নিয়োজিত আনসার সদস্য/নিরাপত্তা কর্মীরা অন্যান্য আইন-শৃঙ্খলা বাহিনীর ন্যায় স্ট্রাইকিং ফোর্স হিসেবে দায়িত্ব পালন করবে। (ঙ) গোপায়া ইউনিয়নে মদ, জুয়াসহ অবৈধ কার্যকলাপের সাথে জড়িতদের বিরুদ্ধে তদন্তক্রমে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। (চ) হবিগঞ্জ সদর উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখা ও চুরি, ডাকাতি, মদ, গাঁজা ও জুয়াসহ ছিনতাইকারীদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া সকল ইউনিয়নে নিয়মিত	অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা/উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, হবিগঞ্জ সদর/ সভাপতি/ সম্পাদক পূজা উদযাপন কমিটি, হবিগঞ্জ সদর (ঙ) অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা (চ) অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা /সকল ইউপি চেয়ারম্যান, হবিগঞ্জ সদর

		হলে বিট পুলিশ সাথে সাথে ব্যবস্থা নিবে বলেও তিনি সকলকে অবহিত করেন। (৫) জনাব ইয়াছিন আরাফাত রানা,সহকারী কমিশনার(ভূমি),হবিগঞ্জ সদর বলেন, হবিগঞ্জ শহরে যানজট নিরসনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। (৬) জনাব মাহবুবুর রহমান আউয়াল,ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,হবিগঞ্জ সদর বলেন, রাস্তার সংস্কার কাজের দরুন হবিগঞ্জ শহরের জলযোগের সামনে যানজটের সৃষ্টি হয়। সংস্কার কাজ দ্রুত সম্পন্ন করার জন্য তিনি অনুরোধ জানান। তিনি আরও বলেন, লাইসেন্সবিহীন সুদের ব্যবসা বন্ধ করার জন্য মহামান্য হাইকোর্ট নির্দেশনা প্রদান করেছেন। সুদ ব্যবসায়ীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার জন্য তিনি প্রস্তাব করেন। তিনি বলেন, আগামী ২০ অক্টোবর পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (স:) সুষ্ঠুভাবে সম্পাদনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ জানান।	ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির সভা করার জন্য সকল ইউপি চেয়ারম্যান এর দৃষ্টি আকর্ষণ করা হয়।	
		(৭) জনাব মোতাচ্ছিরুল ইসলাম,চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর বলেন,শারদীয় দুর্গাপূজা ও ঈদ-ই-মিলাদুন্নবী (স:) এ দুটি অনুষ্ঠান সুন্দরভাবে সম্পন্ন হবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন। আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে দায়িত্ব পালন করার জন্য অনুরোধ জানান। ইউনিয়ন পরিষদ হতে অবৈধ সুদখোরদের তালিকা এনে তা যাচাই-বাছাই করে প্রকৃত সুদখোরদের বিরুদ্ধে আইনানুগ পদক্ষেপ গ্রহণ করার জন্য তিনি অনুরোধ জানান।	(ছ) অবৈধ সুদের ব্যবসায়ীদের বিরুদ্ধে আইনানুগ 'ব্যবস্থা গ্রহণ করতে হবে।	(ছ) অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা
		(৮) মাননীয় সংসদ সদস্য,হবিগঞ্জ-৩ বলেন, সামনে ২টি বৃহৎ কর্মকান্ড দুর্গাপূজা এবং ঈদ-ই -মিলাদুন্নবী (স:)। হবিগঞ্জ সাম্প্রদায়িক সম্প্রীতির শহর। সরকারি নির্দেশনা প্রতিপালন করে তিনি দুর্গাপূজা অনুষ্ঠানের পরামর্শ প্রদান করেন। হবিগঞ্জ শহরের মেইন রোডের চলমান কাজ দ্রুত সম্পন্ন করার জন্য তিনি পরামর্শ প্রদান করেন। আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনকে ঘিরে যেন কেউ সন্ত্রাসী কর্মকান্ড ঘটাতে না পারে সেদিকে সতর্ক দৃষ্টি রাখার আহবান জানান। পূজাকে কেন্দ্র করে উঠতি বয়সের ছেলেরা যাতে উৎপাত করতে না পারে সে বিষয়ে নজর রাখতে হবে। আরইবি ও পিডিবি কর্তৃপক্ষের সাথে আলোচনা করে দুর্গাপূজা চলাকালীন সার্বক্ষণিকভাবে বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করেন। বেপরোয়াভাবে মোটর সাইকেল চালানোর বিষয়টিতে নজর দেয়ার জন্য ট্রাফিক পুলিশ ইন্সপেক্টরকে নির্দেশনা প্রদান করেন।	(জ) যানজট নিরসনের লক্ষ্যে শহরের মেইন রোডের চলমান কাজ দ্রুত সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করার জন্য সড়ক ও জনপথ বিভাগকে অনুরোধ করা হয়। (ঝ) দুর্গাপূজা চলাকালীন সন্ধ্যা ৬.০০ হতে রাত ১২.০০ টা পর্যন্ত নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত রাখার জন্য নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড/ জেনারেল ম্যানাজার, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতিকে অনুরোধ করা হয়। (ঞ) বেপরোয়াভাবে মোটর সাইকেল চালকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।	(জ) নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ,হবিগঞ্জ (ঝ) নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, হবিগঞ্জ/জেনারেল ম্যানেজার হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ (ঞ) অফিসার ইনচার্জ/ ট্রাফিক ইন্সপেক্টর, হবিগঞ্জ সদর মডেল থানা

		অবৈধ স্থাপনা উচ্ছেদ করার উপর তিনি গুরুত্বারোপ করেন। সুদখোরদের তথ্য সংগ্রহ করে আইনানুগ পদক্ষেপ গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করেন। (১০) সভাপতি বলেন, হবিগঞ্জ সদর উপজেলার আইন-শৃঙ্খলাসহ সার্বিক পরিস্থিতি স্বাভাবিক রাখতে সবাই একসাথে কাজ করতে হবে। তিনি আসন্ন শারদীয় দুর্গাপূজা এবং ঈদ-ই-মিলাদুন্নবী সংশ্লিষ্ট সকলের সহযোগিতা নিয়ে সুন্দরভাবে সম্পন্ন করার জন্য প্রত্যয় ব্যক্ত করেন।	(ট) সুদখোরদের তথ্য সংগ্রহ করে আইনানুগ পদক্ষেপ গ্রহণ করতে হবে।	(ট) উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার(ভূমি)/অফিসার ইনচার্জ,হবিগঞ্জসদর মডেল থানা
		তিনি গ্রাম আদালতের সেপ্টেম্বর,২০২১ মাসের মামলার তথ্য নিম্নে ছক মোতাবেক উপস্থাপন করেন। এতে দেখা যায়, লুকড়া ইউনিয়নে ০৪, রিচি ইউনিয়নে ১১, তেঘরিয়া ইউনিয়নে ১৪, পৈল ইউনিয়নে ০৯, গোপায়া ইউনিয়নে ০৯, রাজিউড়া ইউনিয়নে ১০,নিজামপুর ইউনিয়নে ০১ ও লস্করপুর ইউনিয়নে ০৪ সর্বমোট ৬২টি মামলা অনিস্পন্ন অবস্থায় আছে।	(ঠ) অনিস্পন্ন মামলাগুলো বিধি মোতাবেক দ্রুত নিস্পত্তি করার কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	(ঠ) ইউপি চেয়ারম্যান (সকল),হবিগঞ্জ সদর

ছক

ইউনিয়নের নাম	গ্রাম আদালতের মোট মামলার সংখ্যা	পূর্ববর্তী মাসের মামলার জের	বিবেচ্য মাসে দায়েরকৃত মামলার সংখ্যা	মোট মামলার সংখ্যা	বিবেচ্য মাসে নিস্পত্তিকৃত মামলার সংখ্যা	অনিস্পন্ন মামলার সংখ্যা	মন্তব্য
লুকড়া	০১	০৩	-	০৩	০১	০২	
রিচি	০১	১১	-	১১	-	১১	
তেঘরিয়া	০১	১০	-	১০	-	১০	
পৈল	০১	০৬	০১	০৭	০২	০৫	
গোপায়া	০১	০৯	-	০৯	০২	০৭	
রাজিউড়া	০১	০৭	-	০৭	০২	০৫	
নিজামপুর	০১	-	-	-	-	-	
লস্করপুর	০১	০২	-	০২	-	০২	
মোট =	০৮	৪৮	০১	৪৯	০৭	৪২	

সভায় অন্য কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১০.১০.২১

বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

স্মারক নং-০৫.৪৬.৩৬৪৪.০০১.০৪.০১১.২০২১- ৫৭২(৪০) তারিখ: ১০ অক্টোবর ২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। মাননীয় সংসদ সদস্য, হবিগঞ্জ-৩

০২। জেলা প্রশাসক, হবিগঞ্জ

০৩। পুলিশ সুপার, হবিগঞ্জ

০৪। মেয়র,হবিগঞ্জ পৌরসভা,হবিগঞ্জ

০৫। চেয়ারম্যান,উপজেলা পরিষদ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

০৬। নির্বাহী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, হবিগঞ্জ/নির্বাহী প্রকৌশলী,সড়ক ও জনপথ বিভাগ,হবিগঞ্জ/সিনিয়র জেনারেল ম্যানেজার, হবিগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, শায়েস্তাগঞ্জ, হবিগঞ্জ

০৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

০৬। সহকারী কমিশনার(ভূমি), হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

০৭। অফিসার ইনচার্জ, হবিগঞ্জ সদর মডেল থানা, হবিগঞ্জ

০৮। জনাব .... সদস্য(সকল),উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ

০৯। ....

১০.১০.২১

বর্ণালী পাল
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
হবিগঞ্জ সদর, হবিগঞ্জ